

ভর্তি

ডুয়েটের ভর্তির বিজ্ঞপ্তি প্রকাশ, পাস নম্বর ৪০

নিজস্ব প্রতিবেদক ঢাকা



ছবি: সংগৃহীত

ঢাকা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (ডুয়েট) ২০২১-২২ শিক্ষাবর্ষের প্রথম বর্ষে ভর্তির বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। গত ৩১ জুলাই থেকে ভর্তি আবেদন শুরু হয়েছে। আবেদন চলবে ২৫ আগস্ট পর্যন্ত। আবেদন শেষে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে ৩১ জুলাই থেকে আগামী ৯ সেপ্টেম্বর পর্যন্ত। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য প্রার্থীদের তালিকা প্রকাশ করা হবে ৩১ আগস্ট বিকেল ৪টায়।

ডুয়েট ভর্তি পরীক্ষা আগামী ১০ সেপ্টেম্বর (সম্ভাব্য তারিখ) থেকে শুরু হবে। শেষ হবে ১১ সেপ্টেম্বর। ভর্তি পরীক্ষা শেষে ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের তালিকা ২৬ সেপ্টেম্বর প্রকাশ হবে। ভর্তিবিষয়ক সব তথ্য এ পাবেন শিক্ষার্থীরা।

পরীক্ষার ফি

এ শিক্ষাবর্ষের জন্য ভর্তি পরীক্ষার আবেদন ফি নির্ধারণ করা হয়েছে ১ হাজার ১৮০ টাকা। ভর্তি ফি নগদ/ডিবিবিএল মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে দিতে হবে।

বিজ্ঞাপন

ভর্তি পরীক্ষার রুটিন

রুটিন অনুযায়ী ভর্তি পরীক্ষার প্রথম দিনে ১০ সেপ্টেম্বর সকালের শিফটে সিভিল ইঞ্জিনিয়ারিং ও কেমিক্যাল অ্যান্ড ফুড ইঞ্জিনিয়ারিং বিভাগের পরীক্ষা অনুষ্ঠিত হবে। সকালের প্রথম ধাপে ১০টা থেকে বেলা ১১টা পর্যন্ত প্রথম পত্র ও দ্বিতীয় ধাপে বেলা ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত দ্বিতীয় পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

বিকেলের শিফটে ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং ও ম্যাটেরিয়ালস অ্যান্ড মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগের পরীক্ষা অনুষ্ঠিত হবে। বিকেলে প্রথম ধাপে বেলা ২টা থেকে ৩টা প্রথম পত্র ও দ্বিতীয় ধাপে বেলা ৩টা থেকে বিকেল ৪টা দ্বিতীয় পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

পরের দিন ১১ সেপ্টেম্বর সকালের শিফটে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ও আর্কিটেকচার বিভাগের পরীক্ষা অনুষ্ঠিত হবে। এদিন সকালে প্রথম ধাপে ১০টা থেকে বেলা ১১টা পর্যন্ত প্রথম পত্র ও দ্বিতীয় ধাপে বেলা ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত দ্বিতীয় পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হবে। এদিন বিকেলে শিফটে কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ও ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং বিভাগের পরীক্ষা অনুষ্ঠিত হবে। বিকেলে প্রথম ধাপে বেলা ২টা থেকে ৩টা পর্যন্ত প্রথম পত্র ও ৩টা থেকে বিকেল ৪টা পর্যন্ত দ্বিতীয় পত্রের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ভর্তি পরীক্ষার নম্বর বিভাজন

প্রথম পত্র: রসায়ন ৪০, পদার্থবিজ্ঞান ৪০, গণিত ৪০, ইংরেজি ৩০।

দ্বিতীয় পত্র: টেকনিক্যাল বিষয় ১৫০। মোট ৩০০ নম্বর।

প্রার্থী বাছাই

৩০০ নম্বরের ভর্তি পরীক্ষায় পাস নম্বর ৪০ শতাংশ। তবে প্রথম ও দ্বিতীয় পত্রে পৃথক পৃথকভাবে ৩৫ শতাংশের কম পেলে ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবেন। কেবল ভর্তি পরীক্ষায় কৃতকার্য প্রার্থীদের মধ্য থেকে প্রাপ্ত মোট নম্বরের মেধা ভিত্তিতে আসন পূরণ করা হবে।

আসনসংখ্যা

সিভিল ইঞ্জিনিয়ারিং ১২০ জন, ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং ১২০ জন, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং ১২০ জন, কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ১২০ জন, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ৬০ জন, আর্কিটেকচার ৩০ জন, ইন্ডাস্ট্রিয়াল অ্যান্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং ৩০ জন, কেমিক্যাল অ্যান্ড ফুড ইঞ্জিনিয়ারিংয়ের দুই বিভাগের ১৫ + ১৫ = ৩০ জন এবং ম্যাটেরিয়ালস অ্যান্ড মেটালার্জিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে ৩০ জন শিক্ষার্থী ভর্তি করা হবে।

